ভাষা সৈনিক ও মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেন আর নেই

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক, ভাষা সৈনিক ও মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেন (৮৬) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১০টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে এক মাস ধরে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, নাতি নাতনিসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমের একমাত্র জামাতা অ্যাড. মোখলেসুর রহমান স্বপন জানান, শুক্রবার বাদ জুম্মা মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে জানাযা শেষে পৌর কবরস্থানে দাফন করা হবে।

বর্ণাঢ্য রাজণীতিক , ভাষা সৈনিক ও মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেনের মৃত্যুতে এক অপূরণীয় ক্ষতি হলো মন্তব্য করেছেন বিভিন্ন জন। তাঁর এ মুত্যুতে গভীর শোক ও পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনি এমপি, জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিনসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গরা।

মুজিবনগরে উপজেলা আওয়ামী লীগের

সংবাদ সম্মেলন

উপজেলা আওয়ামী লীগের সভাপতিকে বাদ দিয়ে কমীর্ সমাবেশ করায় জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুর বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

সোমবার দুপুরে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের কাযার্লয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন আহমেদ বিশ্বাস , সহসভাপতি ও মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা , মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু , মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জামাত আলী , বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন।

সংবাদ সম্মেলনে উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়া উদ্দিন আহমেদ বিশ্বাস বলেন , বঙ্গবন্ধুর হাতে গড়া দল আওয়ামী লীগের সাথে দীর্ঘদিন ধরে সম্পৃক্ত। আমি ২২ বছর মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছি। ২০০২ সাল থেকে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করছি। ২০১৯ সালের উপজেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনিত হয়ে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছি। মুজিনগরে আওয়ামী লীগের বিভিন্ন কর্মসূচী আমার নেতৃত্বেই পরিচালিত হয়ে আসছে। গত ২৯ আগস্ট রবিবার মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের ব্যানার ব্যবহার করে কমীর্ সমাবেশ করা হয়েছে। যে কর্মী সমাবেশে জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কিন্তু উপজেলা আওয়ামী লীগের সভাপতি হিসেবে দলীয়ভাবে আমাকে অবহিত করা হয়নি। দলের সভাপতিকে বাদ দিয়ে কিভাবে কমীর্ সমাবেশ হয় তা আমার বোধগম্য নয়। এটি একটি দলীয় শৃঙ্খলা ভঙ্গের শামিল।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন , জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলুসহ গুটিকতক নেতাকর্মী নিয়ে জেলা আওয়ামী লীগের রাজনীতি করছেন। দলকে কোন্দলের মুখে ঠেলে দিচ্ছেন। জেলা আওয়ামী লীগের একজন সদস্য হিসেবে বলতে পারি , প্রায় তিন বছর কোন মিটিং

হয়েছে কিনা জানিনা। এমতাবস্থায় বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী জননেত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ ছাড়া এ কোন্দল মেটানো সম্ভব নয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি রফিকুল ইসলামসহ অন্যান্য নেতৃবন্দ জেলা আওয়ামী লীগের সভাপতি পদ থেকে ফরহাদ হোসেন ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু অপসারণ দাবি করেছেন।

সংবাদ সম্মেলন উপজেলা আওয়ামী লীগ, উপজেলা যুবলীগ, উপজেলা স্বেচ্ছাসেবক লীগ ও চার ইউনিয়নের নেতাকমীর্রা উপস্থিত ছিলেন।

জাতীয় শোক দিবস উপলক্ষে কুতুবপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডে খাবার বিতরণ

জাতিরপিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদৎ বার্ষিকী উদযাপন উপলক্ষে সকল শ্রেণী-পেশার মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়েছে।

কুতুবপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের সুবিদপুরে গ্রামে মাহাফুজুর রহমান (মাহাবুবের) এর উদ্যোগে রবিবার দুপুরের দিকে সুবিদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে গরীব অসহায় খেটে খাওয়া দিনমজুর মাঝে এসব খাবার বিতরণ করা হয়।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার চেয়ারম্যান এ্যাড, ইয়ারুল ইসলাম ও মাহফুজুর রহমান (মাহাবুব) উপস্থিত থেকে পথচারী ও গরীব অসহায় মানুষের মধ্যে খাবার বিতরণ করেন।অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুতুবপুর ইউনিয়নের সুবিদপুর আট নম্বর ওয়ার্ডের আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধুর ৪৬তম শাহাদত বাষির্কী ও জাতীয় শোক দিবস পালিত

হরিণাকুণ্ডুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদন, আলোচনা সভা, দোয়া মাহফিল, বৃক্ষরোপণ, যুব ঋণের চেক বিতরণ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। রবিবার সকালে উপজেলা পরিষদের সামনে বঙ্গবন্ধুর ম্যুরালে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পন করে হরিণাকুণ্ডু থানা পুলিশ, হরিণাকুণ্ডু পৌরসভা, মুক্তিযোদ্ধাকমান্ড, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ উপজেলার বিভিন্ন দপ্তর ও বিভিন্ন শ্রেনীপেশার মানুষ। পরে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, সহকারী কমিশনার ভূমি সেলিম আহম্মেদ, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আফজাল হোসেন, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিন প্রমূখ। সভাটি পরিচালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা। আলোচনা শেষে উপজেলা যুবউন্নয়ন অধিদপ্তর কর্তৃক যুব ঋণের চেক বিতরণ ও উপজেলা প্রশাসন আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে ১৫ আগষ্টে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ হলিধানীতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও দোয়া মাহফিল

৪নং হলিধানী ইউনিয়ন পরিষদে গতকাল রবিবার ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালিত ও হলিধানী এতিমখানার শিশুদের দিয়ে কোরআন খতম করা হয়। এসময় বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধুর ও তার পরিবারের সদস্যদের জন্য দোয়া করা হয়। উক্ত অনুষ্ঠান পরিচালনা করেন ৪নং হলিধানী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান ও পরিষদের সচিব মোঃ শওকত আলী এছাড়াও উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সেক্রেটারি আজিজ মাষ্টর এবং ঝিনাইদহ সদর থানা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মোঃ হারুনুর রশিদ ও সকল ওয়ার্ড এর মেম্বার, স্থানীয় আওয়ামীলীগের সকল সদস্য ও গন্যমান্য ব্যক্তিবর্গ।

শোক দিবসে কুষ্টিয়ায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জেলা পুলিশের শ্রদ্ধা নিবেদন

বাঙ্গালী জাতির অবিসংবাদিত নেতা,সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কুষ্টিয়া জেলার পুলিশ সুপার (এসপি) মোঃ খাইরুল আলম বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। রবিবার(১৫ আগস্ট) সকাল পোনে ৯ টার দিকে কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ে জাতির পিতার প্রতিকৃতিতে তিনি ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করে সূরা ফাতিহা পাঠ করেন।
বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর পুলিশ সুপার মোঃ

প্রশাসন এ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা।

এসময় তিনি বলেন, বঙ্গবন্ধু ছিলেন নিরহংকার, সাদামাটা মানুষ।তিনি অনেক বড় মাপের মানুষ হওয়া সত্ত্বেও সাধারণ জীবনযাপন করতেন। বঙ্গবন্ধুর আদর্শ মতো আমাদেরকে চলতে হবে। তাঁর আদর্শ ধারণ করতে হবে।ব্যক্তি শেখ মুজিব কি জিনিস ছিলেন সেটাও ধারণ করতে হবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস।

পরে দোয়া মোনাজত শেষে মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে নারী উদ্যোক্তাসহ অসহায় মানুষের মাঝে নগদ অর্থ ও চেক বিতরণ করেন অতিথিবৃন্দ।

এসময় কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) মহায়মিন আল জিহান, সদর উপজেলা মহিলা বিষয়ক অফিসার মর্জিনা খাতুনসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে জাতীয় শোক দিবস পালন

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস পালিত হয়েছে।আজ সকাল ৮.০০ সময় ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদে পতাকা উত্তলন করেন। পতাকা উত্তলন শেষে দোয়ার মাধ্যেমে অনুষ্ঠানের সমাপ্তি করেন।উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও কাথুলী ইউ পি চেয়ারম্যান মিজানুর রহমান রানা।ইউ পি মেম্বার সদস্য বৃন্দ,যুবলীগ সদস্য বৃন্দ, ছাত্রলীগ সদস্য বৃন্দ সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে কথন সাংস্কৃতিক সংসদ-কসাসের আয়োজনে আলোচনা সভা ও কবিতা পাঠ

জয় বাংলা ইয়ুথ এওয়ার্ড প্রাপ্ত সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ঝিনাইদহের কথন সাংস্কৃতিক সংসদ – কসাসের আয়োজনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রবিবার সকাল ৯ টায় বঙ্গবন্ধুর মোরালে পুষ্পস্তবক অর্পণ পর ঝিনাইদহ পৌর ইকোপার্ক সংলগ্ন দেবদারু এভিনিউ চত্ত্বরে তরুণ সাংস্কৃতিক কর্মীদের উপস্থিতিতে কবিতা পাঠ ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করেন
কথন সাংস্কৃতিক সংসদ সসাস এর সাবেক সহ-সভাপতি সফিকুল ইসলাম জুয়েল, সভাপতি অন্তর মাহমুদ, সহ সভাপতি রাসেল আহমেদ শুভ, সহ-সাধারণ সম্পাদক ইসরাত জাহান মৌ, সাংগঠনিক সম্পাদক ফিরোজ মিয়া সহ অন্যান্য কর্মীবৃন্দ। আলোচনা সভা পরবর্তীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে কবিতা পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

ঝিনাইদহে হোমিওপ্যাথিক এসোসিয়েশনের আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল

জাতীয় শোক দিবস উপলক্ষে ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশন এর আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত।ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশনের আয়োজনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রবিবার সকাল ১০ টায় বঙ্গবন্ধুর মোরালে পুষ্পস্তবক অর্পণ